



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০২.২১.৯৪

তারিখ: ১১ মাঘ ১৪২৭
২৫ জানুয়ারি ২০২১

বিষয়: চট্টগ্রাম জেলার আলাওল ডিগ্রি কলেজের অধ্যক্ষের দায়িত্ব পালন
সূত্র: 2533

চট্টগ্রাম জেলার আলাওল ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক জনাব মোহাম্মদ আজিজুর রহমান অধ্যক্ষের দায়িত্ব প্রদানে সিনিয়রকে বাদ দেয়ার অভিযোগ করে একটি আবেদন করেন।

আবেদনের বর্ণনা: জনাব মোহাম্মদ আজিজুর রহমান জানান তিনি ০৫/১০/১৯৯২খ্রি. তারিখে যোগদান করে এমপিওভুক্ত হন। এমপিওভুক্তির তারিখ থেকে তিনি জ্যেষ্ঠ শিক্ষক। জনাব কাজী মোঃ সোলেমান আগষ্ট ১৯৯৪ সালে যোগদান করেন। জুনিয়র হওয়া সত্ত্বেও জনাব কাজী মোঃ সোলেমান নানা প্রকার তদবীর করে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পাওয়ার জন্য অপচেষ্টা চালাচ্ছেন। ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের জন্য তিনি আবেদন করেন।

জনাব মোহাম্মদ আজিজুর রহমান এর দাখিলকৃত প্রথম এমপিও কপি, প্রভাষক/সহকারী অধ্যাপকের তালিকা, নিয়োগপত্র ও যোগদানপত্র অনুযায়ী তিনি জ্যেষ্ঠ।

এমতাবস্থায়, জনবল কাঠামো ২০১৮ এর ১৩ ধারা মোতাবেক জ্যেষ্ঠতম শিক্ষক জনাব মোহাম্মদ আজিজুর রহমানকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

২৫-১-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

উপজেলা নির্বাহী অফিসার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাঁশখালী, চট্টগ্রাম

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০২.২১.৯৪/১

তারিখ: ১১ মাঘ ১৪২৭
২৫ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ভারপ্রাপ্ত অধ্যক্ষ, আলাওল কলেজ, বাঁশখালী, চট্টগ্রাম।
- ২) ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, বাঁশখালী শাখা, চট্টগ্রাম।
- ৩) জনাব মোহাম্মদ আজিজুর রহমান, সহকারী অধ্যাপক, আলাওল কলেজ, বাঁশখালী, চট্টগ্রাম।
- ৪) সংরক্ষণ নথি।

৯৮৫৮

২৫-১-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক